

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## (৪) মুছ'আব বিন উমায়ের (مُصْعُبُ بُنُ عُمَيْرِ)

ইনি ছিলেন মক্কার শ্রেষ্ঠ তরুণদের অন্যতম। তিনি অত্যন্ত বিলাস-ব্যসনে মানুষ হন। রাসূল (ছাঃ) যখন দারুল আরক্কামে দ্বীনের দাওয়াত দিতেন, তখন তিনি ইসলাম কবুল করেন। কিন্তু মা ও গোত্রের লোকদের ভয়ে তা প্রকাশ করেনি। পরে ওছমান বিন ত্বালহার মাধ্যমে খবরটি প্রকাশ হয়ে পড়ে। তখন তার গোত্রের লোকেরা তাকে হাত-পা বেঁধে তার ঘরের মধ্যে আটকে রাখে। এক সময় তিনি কৌশলে পালিয়ে যান ও হাবশায় হিজরত করেন। পরে সেখান থেকে ফিরে রাসূল (ছাঃ)-এর নির্দেশে মদীনায় প্রেরিত হন। তিনিই ছিলেন মদীনায় প্রেরিত ইসলামের প্রথম দাঈ। প্রধানতঃ তাঁরই প্রচেষ্টায় মদীনার আউস ও খাযরাজ নেতারা ইসলাম কবুল করেন। যা হিজরতের পটভূমি তৈরী করে। ওহোদের যুদ্ধে তিনি ইসলামী বাহিনীর পতাকাবাহী ছিলেন। অতঃপর শহীদ হন' (আল-ইছাবাহ ক্রমিক সংখ্যা ৮০০৮)।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5249

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন